# ১ম প্রান্তিক মূল্যায়ন – ২০২৪ খ্রি.

## ১০১ নং দিগনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়

### ক্লাস্টারঃ দিগনগর , মুকসুদপুর, গোপালগঞ্জ ।

### শ্রেণিঃ ৫ম

### বিষয়ঃ বাংলা

**সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান: ১০০**

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১ও২ নং প্রশ্ন গুলোর উত্তর লিখ:**

যেকোন দেশের জন্যই জীবজন্তু, পশুপাখি এক অমূল্য সম্পদ। দেশের জলবায়ু আবহাওয়া গাছপালা বৃক্ষলতা ইত্যাদি প্রাকৃতিক পরিমন্ডলেই সে দেশের প্রাণিকূল জীবন ধারন করে। একটু লক্ষ্য করলেই দেখা যাবে পৃথিবীতে অপ্রয়োজনীয় প্রাণী বা বৃক্ষলতা বলতে কিছুই নেই। এক সময় আমাদের দেশে প্রচুর শকুন দেখা যেত। শকুন দেখতে যে খুব সুন্দর পাখি তা কিন্তু নয়। এরা উড়ে বেড়ায় আকাশের অনেক উপরে। বাসা করে গাছের ডালে। মানুষের পক্ষে যা ক্ষতিকর, সেইসব আবর্জনা শকুন খায় এবং পরিবেশকে পরিচ্ছন্ন রাখে। কিন্ত শকুন এখন বাংলাদেশের বিলুপ্তপ্রায় পাখি।

**১। নিচের শব্দগুলোর অর্থ লিখ: (যে কোন ৫টি)** ৫

অমূল্য, বিলুপ্তপ্রায়, ভয়ঙ্কর, প্রচুর, সম্ভার, ক্ষতিকর, অপ্রয়োজনীয়

**২। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ:** ২+৪+৪=১০

ক) সুন্দরবনের বিখ্যাত প্রাণীর নাম কী?

খ) "পৃথিবীতে অপ্রয়োজনীয় প্রাণী বা বৃক্ষলতা বলতে কিছুই নেই ।" কথাটি বলতে কি বুঝ?

গ)সুন্দরবনের বিলুপ্তপ্রায় প্রাণী রক্ষার্থে তোমার চারটি পরামর্শ লিখ।

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্ন গুলোর উত্তর লিখ:**

দুই বন্ধুর ছিল গলায় গলায় ভাব। এক দিন তারা হাটতে হাটতে এক জঙ্গালের কাছে এসে পড়ল। সে জঙ্গাল থেকে হটাৎ একটা ভালুক বেরিয়ে এলো। ভালুটাকে দেখে দুজনেই ভয় পেয়ে গেল। দুজনের মধ্যে এক বন্ধু চট করে গাছে উঠে পড়ল। অপর বন্ধুটি গাছে উঠতে পারে না। ভয়ে তার প্রাণ শুকিয়ে গেল, কারণ তাকে নির্ঘাত ভালুকের হাতে প্রাণ দিতে হবে। অগত্যা মরার ভান করে সে মাটিতে শুয়ে পড়ল। সে শুনেছিল ভালুকেরা নাকি মরা মানুষ ছোঁয় না। তাই সে শ্বাস বন্ধ করে কিছুটা সময় সেখানে পড়ে রইল। ভালুকটা তাকে কিছুক্ষন শুঁকে মরা মনে করে সেখান থেকে চলে গেল। যে বন্ধুটি গাছে উঠেছিল সে মাটিতে নেমে মাটিতে শুয়ে থাকা বন্ধুকে জিজ্ঞেস করল ভালুকটি তাকে কী বলল। বন্ধুটি উত্তর দিল, যে বন্ধুটি তোমাকে বিপদের মুখে রেখে পালায় তাকে আর কোনোদিন বিশ্বাস করো না ।

**৩। নিচে কয়েকটি শব্দ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি দিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর:** ৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| জঙ্গাল | বন |
| হটাৎ | আচানক |
| ভাব | ভালো সম্পর্ক |
| নির্ঘাত | নিশ্চিতভাবে |
| বিপদে | আপদে |

ক) বন্য প্রাণীর আবাসস্থল.......... ।

খ)বন্ধুকে........ সাহায্য করা উচিত।

গ) সে জঙ্গাল থেকে .........একটা ভালুক বেরিয়ে এলো।

ঘ) তাকে......... ভালুকের হাতে প্রাণ দিতে হবে।

ঙ) দুই বন্ধুর ছিল গলায় গলায় ...........।

**৪। প্রশ্নগুলোর উত্তর দাও:** ৫+৫+৫=১৫

ক) ভালুকটি কোথা থেকে বেরিয়ে এলো?ভালুকে হাত থেকে রক্ষা পেতে দুই বন্ধু কী করল তা দুটি বাক্যে লেখ ।

খ) হিংস্র বন্য প্রাণীর আক্রমণ থেকে তুমি কীভাবে নিজেকে রক্ষা করবে সে সম্পর্কে পাঁচটি বাক্য লেখ ।

গ) তোমার বন্ধু বিপদে পড়লে তাকে সহযোগিতা করার পাঁচটি উপায় লেখ।

**৫। নিচের ক্রিয়া পদগুলোর চলিত রুপ লিখ:( যেকোন ৫টি )** ৫

আঁকিব, আসিতেছে, দেখিব, রহিয়াছে, হইয়াছিল, করিতেছে, বলিল

**৬। অনুচ্ছেদটি পড় এবং প্রশ্ন তৈরী কর। ( কে, কী, কোথায়, কীভাবে,কেন, কখন ইত্যাদি ব্যবহার করে)** ৫

ফাতেমার মামার বাড়ি দিনাজপুর। সে গ্রীষ্মের ছুটিতে ট্রেনে চড়ে সেখানে বেড়াতে যাবে । সে মামাতো বোন শিল্পীর সাথে লিচু বাগানে ঘুড়ে বেড়াবে । লিচু ফাতেমার খুব পছন্দ । তারা মজা করে লিচু খাবে ।

**৭। যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং প্রতিটি যুক্তবর্ণের ব্যবহার দেখিয়ে একটি করে শব্দ ও বাক্য তৈরি কর (৫টি)** ১০

(ক) ক্ষ (খ) স্ব (গ) ঞ্জ (ঘ) ঙ্ক (ঙ) ষ্ঠ চ) ক্ল ছ) স্ত

**৮।উপযুক্ত স্থানে বিরাম চিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি তোমার উত্তরপত্রে লিখ।** ৫

বাংলাদেশের দক্ষিণে রয়েছে অপার সম্ভার সুন্দরবন সমুদ্রের কোল ঘেঁষে গড়ে উঠেছে এই বিশাল বন এখানে রয়েছে যেমন প্রচুর গাছপালা কেওয়া ও সুন্দরী গাছের বন তেমনি রয়েছে নানা প্রাণী জীবজন্তু

৯। এক কথায় প্রকাশ কর: ( যেকোন ৫টি ) ৫

ক) মহান যে নারী ......

খ) অহংকার নেই যার ......

গ) যার সীমা নেই ......

ঘ) দেশকে ভালবাসে যে ......

ঙ) বীরদের মধ্যে শ্রেষ্ঠ ......

চ) মায়ের মুখের ভাষা ........

ছ)সমুদ্রের তীরে বালুময় স্থান ......

১০। বিপরীত শব্দ লিখ: ( যেকোন ৫টি) ৫

দুরন্ত, বীর,বর্তমান, অহংকার, অসীম, বন্ধু, জীবন, সুনাম

**১১। নিচের কবিতাংশটুকু পড় এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।** ২+৫+৩=১০

দোয়েল কোয়েল ময়না কোকিল
সবার আছে গান
পাখির গানে পাখির সুরে
মুগ্ধ সবার প্রাণ ।
সাগর নদীর ঊর্মিমালার
মন ভোলানো সুর
নদী হচ্ছে স্রোতস্বিনী
সাগর সমুদ্দুর ।

ক)কবিতাংশটুকু তোমার পঠিত কোন কবিতার অংশ? উক্ত কবিতার কবির নাম কী?

খ)কবিতাংশটুকুর মূলভাব পাঁচটি বাক্যে লিখ।

গ) এখানে শহীদ ছেলে বলতে কাদের বোঝানো হয়েছে?

**১২। শারীরিক অসুস্থতার জন্য তিন দিনের ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদন পত্র লিখ। ৫**

**১৩। মনে কর, তুমি পাইকপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী। তুমি আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অংশগ্রহণ করতে আগ্রহী। এবার প্রয়োজনীয় তথ্য দ্বারা নিচের ফরমটি পূরণ কর: ৫**

১.শিক্ষার্থীর নাম :

২.বিদ্যালয়ের নাম :

৩.শ্রেণি:

৪.পিতার নাম:

মাতার নাম:

৫.বর্তমান ঠিকানা গ্রাম............ ডাকঘর ............উপজেলা..............জেলা.................

৬.জন্ম তারিখ......

৭.যেসব খেলায় অংশগ্রহণ করতে ইচ্ছুক ক.<br>খ.<br>গ.

.........  ...........

শ্রেণিশিক্ষকের স্বাক্ষর  শিক্ষার্থীর স্বাক্ষর

**১৪। ২০০ শব্দের মধ্যে নিচের যেকোন একটি বিষয় অবলম্বনে রচনা লিখ। ১০**

**ক) আমার প্রিয় খেলা ফুটবল।**

সংকেতঃ ভূমিকা, খেলার নিয়ম, খেলার বিবরন, উপকারিতা, উপসংহার ।

**খ) শব্দ দূষণ**

সংকেতঃ ভূমিকা, শব্দ দূষনের উৎস, শব্দ দূষনের ক্ষতিকর দিক, শব্দ দূষন রোধে যা করতে হবে , উপসংহার ।

**গ) মৃৎশিল্প।**

সংকেতঃ সূচনা, বর্ণনা, শখের হাঁড়ি, টেরাকোটা, উপসংহার ।

**ঘ) একজন বীরশ্রেষ্ঠের জীবনী**

সংকেতঃ ভূমিকা, পরিচয়, মুক্তিযুদ্ধে তার অবদান, উপসংহার ।